রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ১৯, ২০২৪**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৬ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১১২ -আইন/২০২৪।**—বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭ এর বিধি ৮ এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ এর বিধি ৫ এর উপ-বিধি (৬) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, রাষ্ট্রপতির অনুমোদনক্রমে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ বিষয়ক আদেশ, ২০০৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশ এর—

(১) ১ম তফসিলের—

(ক) দ্বিতীয় ভাগে আবশ্যিক আইন বিষয়সমূহের ক্রমিক নং ৩গ(৩) এ উল্লিখিত "Family Courts Ordinance, 1985" শব্দগুলি, কমা ও সংখ্যার পরিবর্তে "পারিবারিক আদালত আইন, ২০২৩ (২০২৩ সনের ২৬ নং আইন)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) তৃতীয় ভাগে ঐচ্ছিক আইন বিষয়সমূহের ক্রমিক নং ২ঙ এ উল্লিখিত "ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮" শব্দগুলি, কমা ও সংখ্যার পরিবর্তে "সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ (২০২৩ সনের ৩৯ নং আইন)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) ২য় তফসিলের দ্বিতীয় ভাগে আইন বিষয়সমূহের ক্রমিক নং ৩'গ' অংশে উল্লিখিত "Family Courts Ordinance, 1985 [Ord. XVIII of 1985]" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "পারিবারিক আদালত আইন, ২০২৩ (২০২৩ সনের ২৬ নং আইন)"শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

কমিশনের আদেশক্রমে

**শেখ আবু তাহের**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd